

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.sh.ed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫৩.১৭. ২২০

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৪
২৭ ফেব্রুয়ারি ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মো: আনিছুর রহমান (১৩৭৬০), সহকারি অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি নুরুন্নাহার মহিলা কলেজ, ঝিনাইদহ এর বিরুদ্ধে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যশোর শিক্ষা বোর্ডের একটি বিষয়ে সরসরি গাইড বই থেকে প্রশ্নপত্র প্রণয়ন করার অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের ওয়াব প্রদান করে ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন। গত ১৫.০২.২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি তার বক্তব্যে জানান যে, তিনি প্রশ্ন প্রনেতা ছিলেন না। তিনি মডারেশন বোর্ডের একজন সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। তিনি মডারেশন কাজের সময় যেহেতু গাইড বই সাথে রাখার কোন বিধান নেই সুতরাং তার পক্ষে সম্ভব ছিলনা প্রশ্নটি গাইড বই থেকে হয়েছে কিনা তা- যাচাই করা। তার অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেছেন। ভবিষ্যতে এ ধরনের কোন ভুল হবে না মর্মে অঙ্গীকার করেন। সার্বিক পর্যালোচনায় তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মো: আনিছুর রহমান এর ব্যক্তিগত শুনানীতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখ: ২৬.০২.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)


সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫৩.১৭. ১১৫/১ (৭)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৪
২৭ ফেব্রুয়ারি ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: আনিছুর রহমান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঝিনাইদহ।
- ৭। জনাব মো: আনিছুর রহমান (১৩৭৬০), সহকারি অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি নুরুন্নাহার মহিলা কলেজ, ঝিনাইদহ।


২৭/০২/২০১৮
(জাকিয়া খানম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৫৩২৭৬